

প্রেস রিলিজ

তারিখ: ৩০ জুন ২০২৫

দেশের স্বাধীনতা সংগ্রামে ও আধুনিক গণতান্ত্রিক বাংলাদেশ গঠনে শহীদ প্রেসিডেন্ট  
জিয়াউর রহমানের অবদান অনস্বীকার্য ও অবিস্মরণীয়:- বাউবি উপাচার্য



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ সোমবার, ৩০ জুন ২০২৫ বিকেল ৩টা থেকে বিশ্ববিদ্যালয়ের বিজিই গ্যালারীতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে তাঁর জীবন ও কর্ম শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে তিনি বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বীরত্ব, দেশের স্বাধীনতা সংগ্রামে তাঁর অবদান এবং রাষ্ট্রগঠনে তাঁর সাহসী ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, “শহীদ জিয়াউর রহমান ছিলেন, একজন সং, নির্ভীক এবং দূরদর্শী রাষ্ট্রনায়ক, যাঁর আদর্শ আজও প্রজন্ম থেকে প্রজন্মে অনুপ্রেরণা জোগায়।” তিনি আরো বলেন, সুখী সমৃদ্ধ ও সকলের জন্য শান্তিপূর্ণ বসবাসযোগ্য আগামী বাংলাদেশ বিনির্মাণে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর দেশপ্রেম ও সংকর্মময় জীবনাদর্শ আমাদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ. কে. এম. মহিউদ্দিন। তিনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রাজনৈতিক ও সামরিক জীবনের বিভিন্ন দিক তুলে ধরেন। দেশের মাটি ও মানুষের জন্য তাঁর আত্মত্যাগ এবং দেশপ্রেমের মূল্যায়ন করেন। আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি ছিল তথ্যবহুল, প্রেরণাদায়ক এবং গভীর শ্রদ্ধাঞ্জলিতে পরিপূর্ণ।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭